# বাবুগঞ্জ উপজেলার ডিসেম্বর/২০২৩ মাসের উপজেলা পরিষদ সাধারণ সভার কার্যবিবরণী

সভাপতি ঃ কাজী ইমদাদুল হক
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
বাবুগঞ্জ, বরিশাল।

সভার স্থান ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ, বাবুগঞ্জ, বরিশাল।
তারিখ ঃ ২৬/১২/২০২৩ খ্রিঃ সময় ঃ ১১:০০ মিনিট।

**সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্যগণের নামের তালিকা পরিশিষ্ট 'ক'।**

উপজেলা নির্বাহী অফিসার, বাবুগঞ্জ উপজেলা পরিষদ সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সম্মানিত সভাপতির পরামর্শক্রমে সভার কার্যক্রম শুরু করেন। এরপর বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয় এবং কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর বিভাগীয় কার্যক্রম পর্যালোচনার জন্য সদস্যবৃন্দকে অনুরোধ করা হয়।

| বিভাগ | বিষয়বস্তু | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| প্রকৌশল বিভাগ | জনাব সাইফুল ইসলাম রাকিব, উপজেলা প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, বাবুগঞ্জ, বরিশাল সভাকে অবহিত করেন যে, তাদের দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে।<br>তিনি আরো জানান যে, এডিপি প্রকল্পের তালিকা এখন পর্যন্ত ইউনিয়ন পরিষদ হতে পাওয়া যায়নি। সভায় এ বিষয়ে আলোচনা হয়।<br>উপজেলা নির্বাহী অফিসার, বাবুগঞ্জ, বরিশাল সভায় জানান যে, ইতিপূর্বে সকল ইউনিয়ন স্বাস্থ্য কমপ্লেক্সে প্রয়োজনীয় সংখ্যক আসবাবপত্র প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়েছিল। কিন্তু কোন কার্যক্রম গ্রহণ করা হয়নি। সভায় এ বিষয়ে আলোচনা হয়।<br>তিনি আরো জানান যে, উপজেলা পরিষদ সম্প্রসারিত ভবন এবং পুরাতন ভবনের চারদিক দিয়ে চুনকাম খসে পরছে বিধায় জরুরী ভিত্তিতে উহার রং করা প্রয়োজন। সভায় এ বিষয়ে আলোচনা হয়। | এডিবি প্রকল্পের তালিকা আগামি ০৩ দিনের মধ্যে প্রেরণ করতে হবে।<br>এ উপজেলার সকল ইউনিয়ন স্বাস্থ্য কমপ্লেক্সে প্রয়োজনীয় সংখ্যক আসবাবপত্র দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>উপজেলা পরিষদ সম্প্রসারিত ভবন এবং পুরাতন ভবনের রং করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, বাবুগঞ্জ, বরিশাল<br>উপজেলা প্রকৌশলী বাবুগঞ্জ, বরিশাল<br>চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ (সকল) |
| মৎস্য বিভাগ | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, বাবুগঞ্জ, বরিশাল সভায় অনুপস্থিত থাকায় তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে আলোচনা করা গেল না। | আগামি সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, বাবুগঞ্জ বরিশাল |
| স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বাবুগঞ্জ, বরিশাল সভায় জানান যে, স্বাস্থ্য বিভাগের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। বর্তমানে সারা দেশে ডেঙ্গুর প্রাদুর্ভাব বৃদ্ধি পেয়েছে। ডেঙ্গু থেকে বাঁচার জন্য ডেঙ্গুর জীবানুবাহী এডিস মশার বিস্তার রোধে স্কুল-কলেজ, বসতবাড়ী এবং অফিস আদালতের আশেপাশে ফুলের টব, ডাবের খোসা, পুরাতন টায়ার, চিপসের খালি প্যাকেট, পলিথিন, নির্মাণাধীন ভবনের মাঝে লিফটের গর্তে এবং নর্দমায় জমে থাকা বদ্ধ পানি দূর করতে হবে এবং রাত্রে ঘুমানোর সময় অবশ্যেই মশারী ব্যবহার করতে হবে। এ বিষয়ে ব্যাপক প্রচার ও সচেতনতা সৃষ্টির জন্য জনপ্রতিনিধিসহ সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করেন।<br>সারা দেশে শীতের তীব্রতা বৃদ্ধি পাচ্ছে এবং একই সাথে নিউমোনিয়া ও ডায়রিয়া আক্রান্ত শিশুর সংখ্যা বাড়ছে। সর্দি, কাশি, নিউমোনিয়া এবং ডায়রিয়ায় আক্রান্ত শিশুদের বাড়ীতে যত্নের বিষয়ে মা/শিশু পরিচর্চাকারীদের সচেতনতা বৃদ্ধির জন্য সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করেন। | সুষ্ঠভাবে দাপ্তরিক কার্যক্রম পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বাবুগঞ্জ, বরিশাল |

CamScanner

<table>
<tr><td></td><td>সারা দেশের ন্যায় এ উপজেলায় ১২/১২/২০২৩ জাতীয় ভিটামিন এ প্লাস ক্যাম্পেইন অনুষ্ঠিত হয়। উক্ত ক্যাম্পেইনে ০৬-৫৯ মাস বয়সী শিশুদের ভিটামিন 'এ' ক্যাপসুল খাওয়ানো হয়। এবারের ক্যাম্পেইনে মোট লক্ষ্যমাত্রা ছিল ২১,৬৭৩ এবং অর্জন ছিল ২১,৩৫৯ জন শিশু।</td><td></td><td></td></tr>
<tr><td>কৃষি বিভাগ</td><td>জনাব মোঃ মামুনুর রহমান, উপজেলা কৃষি অফিসার, বাবুগঞ্জ, বরিশাল সভায় বলেন যে, উপজেলার কৃষি কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। রবি মৌসুমে তেল ফসলের আবাদ বৃদ্ধির পরিকল্পনা হিসাবে ৩৯০ হে. জমিতে সরিষা, ৩২০৫ হে. জমিতে বোরো ধান ও ১১৫০ হে. জমিতে শীতকালীন শাক-সবজি চাষের লক্ষ্যমাত্রা অনুযায়ী আবাদ চলমান রয়েছে। এছাড়াও কৃষি প্রণোদনা কর্মসূচীর আওতায় ৩৯৯০ জন কৃষকের মাঝে ডাল, তেল ও বিভিন্ন দানা ফসলের বীজ ও সার,৩০০০ জনকে হাইব্রিড ধান বীজ এবং ১৮০০ জন কৃষককে উফশী বোরো ধানের বীজ ও সার বিনামূল্যে বিতরণ কার্যক্রম অব্যাহত আছে। আবহাওয়ার পরিস্থিতি স্বাভাবিক থাকলে এবং কৃষি উপকরণ সহজলভ্য হলে ধান ও তেল ফসল আবাদের লক্ষ্যমাত্রা ছাড়িয়ে যাবার সম্ভাবনা রয়েছে।</td><td>সুষ্ঠুভাবে দাপ্তরিক কার্যক্রম পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়।</td><td>উপজেলা কৃষি কর্মকর্তা ,বাবুগঞ্জ বরিশাল</td></tr>
<tr><td>প্রাণি সম্পদ বিভাগ</td><td>উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, বাবুগঞ্জ, বরিশাল সভাকে অবহিত করেন যে, এ উপজেলার প্রাণি সম্পদ বিভাগের চিকিৎসা, কৃত্রিম প্রজননসহ সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। এখানে সেবা কেন্দ্র, প্রাণি চিকিৎসা উপকেন্দ্র, কৃত্রিম প্রজনন পয়েন্ট এর কার্যক্রম চলমান রয়েছে। প্রাণিসম্পদ ও ডেইরী উন্নয়ন প্রকল্পের আওতায় টিকাদান কর্মসূচী বাস্তবায়ন হচ্ছে। ডিসেম্বর/২০২৩ মাসের সম্পাদিত কার্যক্রমের বিবরণ নিম্নে দেয়া হলো ঃ-
<table>
<tr><th>ক্রমিক</th><th>কার্যক্রমের নাম</th><th>সম্পাদিত কার্যক্রমের বিবরণ</th></tr>
<tr><td>১</td><td>সরকারি ভাবে কৃত্রিম প্রজনন সম্প্রসারণ</td><td>২২৮ টি</td></tr>
<tr><td>২</td><td>সংকর জাতের বাছুরের তথ্য সংগ্রহ</td><td>১২৬ টি</td></tr>
<tr><td>৩</td><td>গবাদিপশুর টিকা প্রদান</td><td>৯৮০ টি</td></tr>
<tr><td>৪</td><td>হাঁস মুরগীর টিকা প্রদান</td><td>৩৮০০০ মাত্রা</td></tr>
<tr><td>৫</td><td>গবাদি পশুর চিকিৎসা প্রদান</td><td>২২০৯ টি</td></tr>
<tr><td>৬</td><td>হাঁস মুরগীর চিকিৎসা প্রদান</td><td>১১৬৪৪ টি</td></tr>
<tr><td>৭</td><td>উঠান বৈঠকের আয়োজন(সংখ্যা)</td><td>০৭ টি</td></tr>
<tr><td>৮</td><td>স্থায়ী ঘাস চাষ সম্প্রাসারণ(একর)</td><td>২ একর</td></tr>
<tr><td>৯</td><td>উৎপাদন বিষয়ক তথ্য</td><td>দুধ- ১৩৬২ মে.টন<br>ডিম- ৩৮ লক্ষ<br>মাংস- ১২২৯ মে.টন</td></tr>
</table></td><td>সুষ্ঠুভাবে দাপ্তরিক কার্যক্রম পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়।</td><td>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, বাবুগঞ্জ বরিশাল</td></tr>
<tr><td>শিক্ষা বিভাগ</td><td>উপজেলা শিক্ষা কর্মকর্তা, বাবুগঞ্জ, বরিশাল সভায় অনুপস্থিত থাকায় তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে আলোচনা করা গেল না।</td><td>আগামী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।</td><td>উপজেলা শিক্ষা কর্মকর্তা, বাবুগঞ্জ বরিশাল</td></tr>
<tr><td>সমাজসেবা বিভাগ</td><td>জনাব মোঃ মিজানুর রহমান, উপজেলা সমাজসেবা কর্মকর্তা, বাবুগঞ্জ, বরিশাল জানান যে, সমাজসেবা বিভাগের কার্যক্রম স্বাভাকিভাবে চলছে। তিনি সভাকে অবহিত করেন যে,</td><td>সুষ্ঠুভাবে কার্যক্রম পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়।</td><td>উপজেলা সমাজসেবা কর্মকর্তা বাবুগঞ্জ, বরিশাল</td></tr>
</table>

CamScanner

| | | | |
|---|---|---|---|
| | (ক) জুলাই, ২০২৩ হতে সেপ্টেম্বর, ২০২৩ মাসের সকল প্রকার ভাতার ১ম কিস্তির পেরোল প্রেরণ।<br>(খ) মৃত ও নিরুদ্দেশ ভাতাভোগীদের প্রতিস্থাপন হয়েছে।<br>(গ) ভাতা-ভোগীদের ভাতার অর্থ প্রতারক যাতে হাতিয়ে নিতে না পারে সেজন্য ওটিপি কিংবা নগদ পিন নম্বর শেয়ার না করা সংক্রান্ত।<br>তিনি আরো জানান যে, উপকারভোগীদের এ পর্যন্ত ৮০% লাইফ ভেরিফিকেশন এ উপস্থিত পাওয়া গেছে। আগামী ৩০/১১/২০২৩ তারিখের মধ্যে মৃত ভাতাভোগীদের তালিকা প্রেরণ করার জন্য ইউপি চেয়ারম্যানদের অনুরোধ জানান। এছাড়া প্রতারকদের বিষয়ে সচেতন থাকার জন্য তিনি ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান ও ইউপি সদস্যদের সংশ্লিষ্ট এলাকায় সচেতনতা বৃদ্ধির জন্য অনুরোধ জানান। | ইউনিয়ন পরিষদ হতে মৃত ভাতাভোগীদের নামের তালিকা প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| পরিসংখ্যান বিভাগ | জনাব মোঃ আরাফাত হোসেন, উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা (ভারপ্রাপ্ত),বাবুগঞ্জ, বরিশাল সদ্য এ উপজেলায় যোগদান করেছেন। তাকে সভায় স্বাগত জানানো হয়।<br>তিনি জানান যে,<br>১। মাসিক কৃষি মজুরী হার জরিপ এর তথ্য সংগ্রহ কার্যক্রম সম্পাদন।<br>২। কৃষি পরিসংখ্যান প্রস্তুতের জন্য স্থায়ী ও অস্থায়ী ফসলের আনুমানিক হিসাবে সংগ্রহ কার্যক্রম সম্পাদন।<br>৩। সার্ভে এর নিয়মিত কার্যক্রম সম্পাদন।<br>৪। ১১/১২/২০২৩ থেকে ২০/১২/২০২৩ তারিখ পর্যন্ত নারীর অবস্থান সম্পর্কিত জরিপ সম্পাদন। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, বাবুগঞ্জ, বরিশাল তার দপ্তরের কার্যক্রম সঠিকভাবে সম্পন্ন করবেন। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা বাবুগঞ্জ বরিশাল। |
| সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা, বাবুগঞ্জ, বরিশাল সভায় জানান যে, সমবায় দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। ২০২২-২০২৩ অর্থ বছরের নিরীক্ষা কার্যক্রম চলছে। ২০২২-২০২৩ সনের অডিট ফি বাবদ ৩৮,৮৩০/- টাকা এবং সমবায় উন্নয়ন তহবিল আদায় করা হয়েছে ৩৮,৮৩০/- টাকা। ১০০% আদায় হয়েছে।<br>**<u>আশ্রয়ণ প্রকল্প</u>** ঃ অত্র উপজেলার দুটি আশ্রয়ণ বহুমুখী সমবায় সমিতি রয়েছে। উক্ত সমিতিতে ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম চলমান আছে। গোয়ালদী-মুন্ডরিয়া আশ্রয়ণ সমবায় সমিতিতে এ পর্যন্ত ৭,০০,০০০/- টাকা বিতরণ করা হয়েছে। যার মধ্যে ৪,৮৯,৬৯৫/- টাকা আদায় করা হয়েছে। আদায়ের হার ৭০%। কিসমতঠাকুর মল্লিক আশ্রয়ণ বহুমূখী সমিতেতে ১৫,৮৮,০০০/- টাকা ঋণ বিতরণ করা হয়েছে। আদায় হয়েছে ১২,৬৬,৭৪৬/- টাকা। আদায়ের হার ৮০%।<br>**দুগ্ধ প্রকল্প** ঃ শতভাগ সরকারি অর্থায়ণে চাঁদপাশা ইউনিয়ন প্রাথমিক দুগ্ধ উৎপাদনকারী সমবায় সমিতিতে প্রথম পর্যায়ে ২০১৪-২০১৫ সালে ৩৩,১০,০০০/- টাকা ঋণ প্রদান করা হয়েছে। তন্মধ্যে ২৯,৭৫,৬০০/- আদায় হয়েছে। আদায়ের হার- ৯০%। এছাড়া বিগত ১৫/০২/২০২২ খ্রিস্টাব্দ তারিখে ৮৭ জন সদস্যদের মধ্যে প্রত্যেককে ১,০০,০০০/- টাকা করে ৮৭,০০,০০০/- টাকা ঋণ প্রদান করা হয়েছে। এ পর্যন্ত আদায় হয়েছে ৯,৮৮,০০০/- টাকা। | সুষ্ঠুভাবে কার্যক্রম পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়। | উপজেলা সমবায় কর্মকর্তা, বাবুগঞ্জ বরিশাল। |
| মাধ্যমিক শিক্ষা বিভাগ | জনাব নাসরিন জোবায়দা আকতার, উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, বাবুগঞ্জ, বরিশাল সভায় বলেন যে, তাদের দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরো জানান যে, | সুষ্ঠুভাবে দাপ্তরিক কার্যক্রম পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, বাবুগঞ্জ, বরিশাল |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| | (ক) নতুন কারিকুলাম এর বিস্তরণ প্রশিক্ষণ কার্যক্রম সমাপ্ত হয়েছে।<br>(খ) পাঠ্যপুস্তক বিতরণ কার্যক্রম চলমান।<br>(৩) ডিসেম্বর ২০২৩ মাসের এমপিও কার্যক্রম সমাপ্ত হয়েছে।<br>তিনি আরো জানান যে, ইতিমধ্যে ৬০০ শিক্ষকের প্রশিক্ষণ সমাপ্ত হয়েছে। আগামি ১লা জানুয়ারি-২০২৪ বই উৎসব। বই উৎসবে অংশ গ্রহণের জন্য তিনি সকলকে অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার, বাবুগঞ্জ মাদ্রাসা শিক্ষা কার্যক্রম মনিটরিং করার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, বাবুগঞ্জ কে অনুরোধ জানান। | | |
| পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বাবুগঞ্জ, বরিশাল সভায় বলেন যে, তার দপ্তরের কাজকর্ম স্বাভাবিকভাবে চলছে।<br>তিনি তার দপ্তরের নভেম্বর ২০২৩ মাসের মাসিক কার্যক্রম তুলে ধরেন।<br>১। ০৯/১১/২০২৩ তারিখ রহমতপুর ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে ইমপ্লান্ট ক্যাম্প।<br>২। ১২/১১/২০২৩ তারিখ মাধবপাশা ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে ইমপ্লান্ট ক্যাম্প।<br>৩। ১৬/১১/২০২৩ তারিখ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স বাহেরচর এ স্থায়ী পদ্ধতির ক্যাম্প।<br>৪। ২৭/১১/২০২৩ তারিখ রহমতপুর ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে ইমপ্লান্ট ক্যাম্প।<br>৫। ২৯/১১/২০২৩ তারিখ জাহাঙ্গীরনগর ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে ইমপ্লান্ট ক্যাম্প।<br>এছাড়া তিনি পরিবার পরিকল্পনা কার্যক্রমের অক্টোবর, ২০২৩ মাসের অগ্রগতির প্রতিবেদন উল্লেখ করেন যা নিম্নরুপ-<br>স্থায়ী পদ্ধতি-০২, আইউডি-০৬, ইমপ্লান্ট-১৮, গর্ভবর্তী সেবা- ৩৬৬, স্বাভাবিক ডেলিভারী- ২৩, গর্ভত্তোর সেবা- ১৩৬, শিশু সেবা-১৭৫৩, কিশোর-কিশোরী সেবা-৩৯৪৫, স্যাটেলাইট সেবা-৩৭, স্কুল স্বাস্থ্য শিক্ষা-১৬, সক্ষম দম্পতি-২৭৩৬২, গ্রহণকারী- ২১৩০৭, সিএআর-৭৭.৮৭%।<br>তিনি আরো জানান যে, চেয়ারম্যান, চাঁদপাশা ইউনিয়ন পরিষদ, বাবুগঞ্জ, বরিশাল ইউনিয়ন পরিষদ স্বাস্থ্য কমপ্লেক্সে স্বাভাবিক শিশু প্রসব করার তিনি মা এবং শিশুকে শুভেচ্ছা জানিয়েছেন এ জন্য ধন্যবাদ জানান।<br>চেয়ারম্যান, চাঁদপাশা ইউনিয়ন পরিষদ, বাবুগঞ্জ, বরিশাল তার ইউনিয়ন পরিষদ স্বাস্থ্য কমপ্লেক্সে সেবা পেতে আসা জনগণের বসার জন্য ফার্নিচারের ব্যবস্থা গ্রহণের জন্য সভাপতির দৃষ্টি আকর্ষণ করেন। | জাহাঙ্গীরনগর,রহমতপুর, চাঁদপাশা ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে বাউন্ডারী ওয়ালসহ আসবাবপত্রের প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>নতুন মেশিন ক্রয়ের সময়ে স্থাপনের খরচ টেন্ডারে ধরা থাকে ।এ বিষয়ে মেশিন প্রদানকারী কর্তৃপক্ষের সাথে আলাপ করে কার্যক্রম সম্পন্ন করার জন্য তাকে পরামর্শ প্রদান করা হয়। | উপজেলা প্রকৌশলী,বাবুগঞ্জ এবং উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বাবুগঞ্জ বরিশাল |
| পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বাবুগঞ্জ, বরিশাল সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে সম্পাদন করা হচ্ছে। তিনি আরো বলেন যে, মাঠ পর্যায়ে ঋণের পাওনা টাকা উত্তোলন করতে কর্মীরা মাঠে গেলে তাদের সাথে ঋণ গ্রহীতা খারাপ আচরণ করেন। ইতোমধ্যে মাধবপাশা ইউনিয়নের ছাতিয়া গ্রামে ঋণের টাকা উত্তোলন করতে গিয়ে অপ্রীতিকর ঘটনা ঘটেছে। এ ব্যাপারে তিনি সবার সহযোগিতা কামনা করেন। উপজেলা পল্লী উন্নয়ন অক্টোবর/২০২৩ মাসের কার্যক্রম নিম্নরুপ ঃ | সুষ্ঠুভাবে দাপ্তরিক কার্যক্রমপরিচালনার জন্য তাকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়।<br>রাস্তা মেরামতের বিষয়ে উপজেলা প্রকৌশলী প্রয়োজনীয় পদক্ষেপ নিবেন। | উপজেলা প্রকৌশল এবং পল্লী উন্নয়ন কর্মকর্তা, বাবুগঞ্জ |

| ক্র: নং: | প্রকল্পের নাম | শেয়ার | সঞ্চয় | বিতরণ | আদায় |
|---|---|---|---|---|---|
| ০১ | মহিলা উন্নয়ন অনুবিভাগ | ০ | ০ | ০ | ০ |
| ০২ | আবর্তক | ০ | ০ | ০ | ০ |
| ০৩ | সদাবিক | ০ | ০ | ০ | ০ |
| ০৪ | পল্লী প্রগতি | ০ | ০ | ০ | ০ |
| ০৫ | মুক্তিযোদ্ধা | ০ | ০ | ০ | ০ |
| ০৬ | ইরেসপো | ০ | .১২ | ১৫.০০ | ৫.৭৯ |
| ০৭ | অপ্রধান শস্য | ০ | ০ | ০ | ০ |
| ০৮ | আদর্শ গ্রাম-২ | ০ | ০ | ০ | ০ |
| ০৯ | এসএমই(কোভিড-১৯) | ০ | ০ | ০ | ০ |
| | সর্বমোট | ০ | .১২ | ১৫.০০ | ৫.৭৯ |

তিনি আরো জানান যে, তার দপ্তরে সেবা পেতে আসা লোকজন, উপজেলা পরিষদ জামে মসজিদের মুসুল্লি এবং ব্যাংকে আসা লোকজনসহ এলাকার জনসাধারণ তার দপ্তরের সামনের রাস্তা দিয়ে চলাফেরা করে থাকেন। কিন্তু রাস্তাটি চলাচলের অনুপযোগি। তিনি রাস্তাটি জরুরীভিত্তিতে মেরামতের জন্য সভাপতি দৃষ্টি আকর্ষণ করেন।

| | | | |
|---|---|---|---|
| যুব উন্নয়ন বিভাগ | জনাব আবদুর রহমান সন্যামত, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা বাবুগঞ্জ, বরিশাল সভায় জানান যে, তাদের দপ্তরের কার্যক্রম নিম্নরূপ-<br>**প্রশিক্ষণ** ঃ ২০২৩-২৪ অর্থ বছরে টোকাব প্রকল্পের আওতায় ৪০ জনকে কম্পিউটার প্রশিক্ষণ দেয়া হয়েছে ও রাজস্ব খাতে বিভিন্ন ট্রেডে ২০৮ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।<br>**ঋণ** ঃ ২০২৩-২৪ অর্থ বছরে ৭,৫০,০০০/-(সাত লক্ষ পঞ্চাশ হাজার) টাকা যুব ঋণ বিতরণ করা হয়েছে।<br>ডাটাবেজ ঃ ১৮ হতে ৩৫ বছর বয়সী ৪১৭ জনের ডাটা পাওয়া গেছে। যার মধ্যে রহমতপুর- ২৭৯ জন, মাধবপাশা- ৫৬ জন, কেদারপুর-২৯ জন, দেহেরগতি-১৩ জন, চাঁদপাশা- ৪০ এবং জাহাঙ্গীরনগর- ০ জন।<br>তিনি আরো জানান যে, ১৮-৩৫ বছর বয়সী যুবদের তথ্য ইউনিয়ন পরিষদে চাওয়া হয়েছে। জাহাঙ্গীরনগর ইউনিয়ন ব্যতিত সকল ইউনিয়ন হতে তথ্য পাওয়া গেছে।<br>ওয়েব পোর্টাল ঃ ওয়েব পোর্টাল হালনাগাদ করা হয়েছে। | সুষ্ঠুভাবে দাপ্তরিক কার্যক্রম পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়। জাহাঙ্গীরনগর ইউনিয়নের ১৮-৩৫ বছর বয়সী যুবদের তথ্য প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, বাবুগঞ্জ বরিশাল |
| মহিলা বিষয়ক অধিদপ্তর | জনাব শামীমা ইয়াসমিন, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, বাবুগঞ্জ, বরিশাল সভাকে জানান যে, তাদের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ও সুন্দরভাবে চলছে। সকল ইউনিয়নে কিশোর-কিশোরী ক্লাব সুন্দর ও সুষ্ঠুভাবে চলছে এবং কারাতে প্রশিক্ষণ চালু হয়েছে। নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ, বাল্য বিবাহ নিরোধ এবং মানব পাচার প্রতিরোধ বিষয়ক উঠান বৈঠক হয়েছে । আইজিএ প্রশিক্ষণ প্রকল্পের প্রশিক্ষণ বন্ধ আছে। চলতি মাসের ভিডব্লিউবি(পূর্বের ভিজিডি) সুষ্ঠু ও সুন্দরভাবে বিতরণ করা হয়েছে। ২০২৩-২০২৪ অর্থ বছরের মা ও শিশু সহায়তা কর্মসূচীর আবেদন চলমান রয়েছে।<br>তিনি আরো জানান যে, অনেক ইউনিয়ন হতে ভিডব্লিউবি বিতরণের মাস্টাররোল পাওয়া যায়নি। মাস্টাররোল প্রেরণ করার জন্য সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানদের অনুরোধ জানান।<br>চেয়ারম্যান, চাঁদপাশা ইউনিয়ন পরিষদ, বাবুগঞ্জ, বরিশাল সভাকে জানান যে, অনেক | সুষ্ঠুভাবে দাপ্তরিক কার্যক্রম পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়। উপকারভোগীগণ সঠিক সময়ে চাল/গম না নিলে বিধি অনুযায়ী ফেরত দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। যথাসময়ে চাল/গম গ্রহণ করে উপকারভোগীদের মাঝে বিতরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা বাবুগঞ্জ, বরিশাল ইউপি চেয়ারম্যান (সকল) |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| | উপকারভোগী চাল/গম নেন না। এটা দুঃখজনক। এ বিষয়ে পরবর্তী করণীয় কি মর্মে সভায় জানতে চাওয়া হয়। এ বিষয়ে সভায় আলোচনা হয়।<br>জনাব ফারজানা বিনতে ওহাব, ভাইস চেয়ারম্যান(মহিলা), উপজেলা পরিষদ, বাবুগঞ্জ সভাকে জানান যে, উপকারভোগীদের বিতরণের জন্য গোডাউন হতে একসাথে ৩/৪ মাসের চাল/গম একসাথে নেয়া হয়। ইহা দুঃখজনক। ইউপি চেয়ারম্যানদের সঠিক সময়ে চাল/গম নিয়ে উপকারভোগীদের মাঝে বিতরণ করার জন্য তিনি সভায় অনুরোধ জানান। | | |
| দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ* | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, বাবুগঞ্জ, বরিশাল সভায় জানান যে, তাদের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ও সুন্দরভাবে চলছে। ৪০ দিনের কর্মসূচী চলমান আছে। তিনি আরো জানান যে, তাদের দপ্তরাধীন খাদ্য কর্মসূচীর আওতায় সুবিধাভোগীদের সময়মত মাস্টাররোল না পাওয়া সমস্যার সৃষ্টি হচ্ছে। তাই তিনি সময়মত মাস্টাররোল প্রেরণ করার জন্য সভায় ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। | খাদ্য কর্মসূচীর আওতায় সুবিধা ভোগীদের সময়মত মাস্টাররোল প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা বাবুগঞ্জ বরিশাল। |
| জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | প্রকৌশলী মোঃ সুমন, উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী, বাবুগঞ্জ, বরিশাল সভাকে অবহিত করেন যে,তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে । সাড়া দেশে নিরাপদ পানি সরবরাহ শীর্ষক প্রকল্পের আওতায় বাবুগঞ্জ উপজেলায় ২০২৩-২০২৪ অর্থ বছরে প্রতিটি ইউনিয়নে ২৬ টি করে গভীর নলকুপ বরাদ্দ পাওয়া গেছে। যার ৫০% স্থানীয় মাননীয় সংসদ সদস্য এবং বাকী ৫০% ইউনিয়ন WATSAN কমিটি কর্তৃক অনুমোদন করতে হবে। তিনি আরো জানান যে, কেদারপুর ও দেহেরগতি ইউনিয়ন হতে এখন পর্যন্ত সাইড সিলেকশন তালিকা পাওয়া যায়নি বিধায় কার্যক্রম সম্পন্ন হচ্ছে না। তাই তিনি বাকি ইউপি চেয়ারম্যানগণকে নলকুপ স্থাপনের জন্য সাইড সিলেকশন করে দেয়ার জন্য সভায় অনুরোধ জানান। | সুষ্ঠুভাবে দাপ্তরিক কার্যক্রম পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়।<br>আগামি ৩ দিনের মধ্যে বাকি ২ টি ইউনিয়নের সাইড সিলেকশন করার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, বাবুগঞ্জ, বরিশাল |
| পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন | পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন, পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন, বাবুগঞ্জ, বরিশাল সভাকে অবহিত করেন যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। বাবুগঞ্জ উপজেলার পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন এর অক্টোবর ২০২৩ মাসের মাসিক কার্যক্রম নিম্নরুপ-<br>মোট সদস্য সংখ্যা- ৫২০৮ জন, ঋণী সদস্য সংখ্যা-৩১৬৫, ঋণ বিতরণ- ৬৪.৯০ লক্ষ, চলতি অর্থ বছরে ঋণ বিতরণ- ২৮৬.৯০ লক্ষ, মাঠে পাওনা - ৫৫৪.৮৫ লক্ষ, খেলাপি টাকার পরিমাণ- ৯২.২০ লক্ষ, ঋণ আদায়ের হার- ৯৮%, সঞ্চয় জমা- ৫৭২.২৫ লক্ষ, প্রনোদনা ঋণ বিতরণ- ২০.৫০ লক্ষ, আদায়ের হার- ১০০%। এছাড়া দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ ও নেতৃত্ব বিকাশ ও সামাজিক উন্নয়ন প্রশিক্ষণ চলমান আছে। | সুষ্ঠুভাবে দাপ্তরিক কার্যক্রম পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়। | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা বাবুগঞ্জ, বরিশাল |
| বন বিভাগ | জনাব খন্দকার জাকির হোসেন, উপজেলা বন কর্মকর্তা, বাবুগঞ্জ, বরিশাল সভাকে জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সুষ্ঠুভাবে দাপ্তরিক কার্যক্রম পরিচালনার জন্য তাকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়। | (ক) উপজেলা বন কর্মকর্তা, বাবুগঞ্জ বরিশাল |
| বিবিধ | উপজেলা নির্বাহী অফিসার, বাবুগঞ্জ, বরিশাল সভাকে জানান যে, আমরা সবাই সভায় উপস্থিতির সময়ের বিষয়ে সচেতন থাকব। এছাড়া তিনি সকল ইউনিয়ন হতে সকল প্রকল্পের উপকারভোগীদের মাস্টাররোল/তালিকা সঠিক সময়ে প্রেরণ করার প্রতি গুরুত্বারোপ করেন। ইউনিয়ন পরিষদের সচিব ও উদ্যোক্তাগণ ওয়েব পোর্টাল হালনাগাদ করবেন। | সকল প্রকল্পের উপকারভোগীদের মাস্টাররোল/তালিকা সঠিক সময়ে প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| | এছাড়া তিনি উপজেলা পরিষদের অভ্যন্তরের পরিবেশ পরিস্কার পরিচ্ছন্ন রাখার জন্য ডাস্টবিন স্থাপনের উপর গুরুত্বারোপ করেন। সভায় এ বিষয়ে আলোচনা হয়। | উপজেলা রাজস্ব তহবিল হতে উপজেলা পরিষদের অভ্যন্তরে ০৩ (তিন)টি স্থায়ী ডাস্টবিন স্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। | |

সভাপতি সভাকে জানান যে, আমরা সবাই সঠিক সময়ে সভায় উপস্থিত থাকার বিষয়ে সচেতন থাকব। অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলের সহযোগিতা কামনা করে উপস্থিত সদস্যবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্ত ঘোষণা করেন।

26/12/23

(কাজী ইমদাদুল হক)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ,বাবুগঞ্জ, বরিশাল

স্মারক নম্বর-০৫.১০.০৬০৩.০০১.০৬.০০১.২৩- ৮৮৯ (৫০)

তারিখ ঃ ১১ পৌষ ১৪৩০ বঙ্গাব্দ
২৬ ডিসেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো ঃ-

১। মাননীয় সংসদ সদস্য, ১২১, বরিশাল-০৩ ।

২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩। বিভাগীয় কমিশনার, বরিশাল ।

৪। জেলা প্রশাসক, বরিশাল।

৫। উপ-পরিচালক, স্থানীয় সরকার, বরিশাল।

৬। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাবুগঞ্জ, বরিশাল।

৭। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাবুগঞ্জ, বরিশাল।

৮। উপজেলা ................................................অফিসার, বাবুগঞ্জ, বরিশাল।

৯। চেয়ারম্যান ................................................ইউপি, বাবুগঞ্জ, বরিশাল।

১০। জনাব...............................................................বাবুগঞ্জ, বরিশাল।

১১। অফিস কপি।

২৬/১২/২৩

(শাকিলা রহমান)
উপজেলা নির্বাহী অফিসার
বাবুগঞ্জ, বরিশাল।

CamScanner